

স্কুলের ব্যবস্থায় মানিয়ে নেওয়ার তথ্যপত্রিকা

পরিবারে নিরাপত্তা

ছোট ছেলেমেয়েদের নিরাপদে, খুশী রাখা এবং

শিক্ষায় মা বাবাদের সাহায্য



বাড়িতে এবং রাস্তাঘাটে আপনার সন্তানকে সুরক্ষিত রাখা

দুর্ঘটনা

চাইল্ড অ্যাক্সিডেন্ট প্রিভেনশন ট্রাস্ট (Child Accident Prevention Trust) (2006), অনুসারে, ইউকেতে প্রতি বছর দুর্ঘটনার পরিণামস্বরূপ প্রায় দু মিলিয়ন ছোট ছেলেমেয়েদের হাসপাতালের দুর্ঘটনা ও সঙ্কটকালীন বিভাগে নিয়ে যাওয়া হয়।

দুর্ঘটনা প্রতিরোধের সেরা পরামর্শ

- আপনার সন্তানের চারিপাশে যে সব বিপদের সম্ভাবনা রয়েছে সেগুলি বুঝতে তাকে সাহায্য করুন
- আপনার সন্তানের নিরাপত্তা সম্বন্ধে কি ধারণা, যেমন কিভাবে সাবধানে রাস্তা পার করা যায়, সে সব বিষয়ে তাকে প্রশ্ন করুন
- নিয়মিত এবং অতি অবশ্য আপনার বাড়িতে নিরাপত্তা যাচাই করে নেবেন
- আপনার বাড়িতে এবং পথে ঘাটে নিরাপত্তা বিষয়ে পরামর্শ নেবেন
- আগুন লাগলে কোথা দিয়ে পালাতে হয় এবং সঙ্কটবস্থায় কিভাবে 999 ডায়াল করতে হয় তা অবশ্যই আপনার সন্তানকে শিখিয়ে রাখবেন
- শক্তপোক্ত, বা ল্যামিনেট করা সেফটি গ্লাস ব্যবহার করবেন
- লক্ষ্য রাখবেন আপনার বাড়ির প্রত্যেকটা স্তরে যেন স্মোক অ্যালার্ম থাকে
- মেঝেতে জিনিসপত্র ছড়িয়ে রাখবেন না এবং আপনার সন্তানকে খেলনা গুছিয়ে রাখতে বলবেন

আপনার বাড়িতে নিরাপত্তা পরীক্ষা

- আপনার বাড়িতে যে জায়গাগুলি বিপজ্জনক সেসব জায়গা খুঁজে বার করুন
আলগা কার্পেট
ফায়ার প্লেসের আশেপাশে ফায়ারগার্ড নেই
অব্যবহৃত বৈদ্যুতিক সকেট যাতে নিরাপত্তার প্লাগ সকেট নেই
- ঐ বিপদগুলির সম্ভাবনা নোট করে রাখুন
- ঐগুলি ঠিক করার ব্যবস্থা করুন
কার্পেট কিভাবে অনড় রাখা যায়
ফায়ারগার্ড কোথা থেকে কিনবেন

সাবধানতা

- নিয়মিত খেলার জিনিসপত্র পরীক্ষা করে দেখুন ভাঙ্গা ও ছুঁচলো ধার আছে কি না
- আপনার সন্তানের বয়স ও স্তরের উপযুক্ত খেলনা খুঁজে নিন
- খেলনা ও যন্ত্রপাতিতে ব্রিটিশ স্ট্যান্ডার্ড ইন্সটিটিউটের চিহ্ন আছে কি না দেখে নিন
- যে সব লীড ক্ষয়ে গিয়েছে ও টেনে হিঁচড়ে নেওয়া হয়েছে তাতে হেঁচট খেতে পারেন, তাই সে ব্যাপারে লক্ষ্য রাখবেন
- পেশাদারদের দিয়ে নিয়মিত বৈদ্যুতিক ও গ্যাসের সরঞ্জাম পরীক্ষা করিয়ে নেবেন
- ধারালো ছুরি ইত্যাদি নাগালের বাইরে রাখবেন
- ব্লিচ, বাড়ি পরিষ্কার করার জিনিস ও ওষুধপত্র নাগালের বাইরে, আলমারিতে তালাবন্ধ করে রাখতে হবে
- যদি ফ্রিজে ওষুধ রাখতে হয়, সেসব অবশ্যই পেছনদিকে ও নিরাপদে রাখবেন

- প্রসাধনী ইত্যাদি নিরাপদে রাখবেন
- অ্যালকহল নাগালের বাইরে রাখবেন

বাগানে

- বাগানের বেড়া ও গেট মজবুত কি না দেখে নেবেন
- লক্ষ্য রাখবেন জলাশয় ও জলের বড় পাত্র ইত্যাদি যেন ঢেকে বা চারিদিক পরিবেষ্টিত করে রাখা হয়
- সম্ভব হলে বাগানের সরঞ্জাম তালাবন্ধ করে রাখবেন
- আপনার গ্যারেজ বা শেড থাকলে তা তালাবন্ধ করে রাখবেন
- কয়েকটা গাছ ও ঝোপঝাড় বিপজ্জনক - আপনার স্থানীয় পার্ক বিভাগ পরামর্শ দিতে পারে

গাড়িতে

- আপনার যদি গাড়ি থাকে, নিয়মিত সার্ভিস করিয়ে নেবেন
- সব সময় কার সীট ব্যবহার করবেন এবং আপনার সন্তানের সাইজের উপযুক্ত কি না দেখে নেবেন
- আপনার সন্তানকে অবশ্যই নিজে সুরক্ষিত থাকা শিখিয়ে দেবেন
- আপনি যে গাড়িতে যাতায়াত করবেন তাতে চাইল্ডপ্রুফ লক আছে কি না দেখে নেবেন
- ছোটদের এসেট বা হ্যাচব্যাকের মালপত্র রাখার জায়গায় দাঁড়িয়ে বা বসে ভ্রমণ করা উচিত না

বাইরে

রাস্তাঘাটে নিরাপত্তা সম্বন্ধে ছোটদের সচেতনতার বিকাশ হওয়া জরুরী। বাইরে গেলে সময় নিয়ে আপনার সন্তানকে নিরাপদ অভ্যাসগুলি সম্বন্ধে সতর্ক করে দেবেন

- সবসময় অবশ্যই আপনার সন্তানের হাত ধরে রাখবেন
- আপনার সন্তান যাতে ফুটপাথে হাঁটে তা নিশ্চিত করবেন
- সব সময় ক্রশিং বা ললিপপ পার্সনের সাহায্যে নিরাপদ জায়গা দিয়ে ছোটদের রাস্তা পারাপার করবেন

আপনার সন্তানকে নিরাপত্তার বিষয় বুঝিয়ে দিন ও সে ব্যাপারে আলোচনা করে নিন

ছোটদের নিরাপত্তা সচেতনতা বাড়াতে নানা কাজ করুন, যেমন লাইব্রেরি থেকে বই এনে বা আগুন লাগলে পালানোর পথ দিয়ে যাওয়ার অভ্যাস করিয়ে রাখবেন, তবে তাকে আশ্বস্ত করার চেষ্টা করবেন যে এগুলি শুধুই সাবধানতা।

আরো তথ্য ও পরামর্শের জন্য :

The Royal Society for the Prevention of Accidents (RoSPA)

ফোন : 0121 248 2000 ফ্যাক্স : 0121 248 2001

ইমেল : help@rospa.com www.rospa.com

Child Accident Prevention Trust (CAPT)

ফোন : 020 7608 3828 ফ্যাক্স : 020 7608 3674

ইমেল : safe@capt.org.uk www.capt.org.uk

স্থানীয় অগ্নিবিভাগ – অধিকাংশ অগ্নি কর্তৃপক্ষ আপনার বাড়ি বিনামূল্যে পরীক্ষা করে ফ্রি স্মোক অ্যালার্ম দেয়।

এখানে স্থানীয় তথ্য ও যোগাযোগের বিবরণ যুক্ত করুন, যেমন, অগ্নি বিভাগ, উদ্যান বিভাগ

© ড্রাউন কপিরাইট আগষ্ট 2006